গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষ, সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল।

এবং

পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল, বরিশাল।

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ০১, ২০২১খ্রি: - জুন ৩০, ২০২২খ্রি:

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| প্রস্তাবনা | ৪ |
| সেকশন-১ : সরকারি সৈয়দ হাতেম আলী কলেজের সাধারণ কার্যাবলি | ৫ |
| সেকশন-২ : সরকারি সৈয়দ হাতেম আলী কলেজের কর্মসম্পাদন পরিকল্পনা | ৬-৯ |
| সংযোজনী-১ : শব্দসংক্ষেপ | ১০ |
| সংযোজনী-২ : কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | ১১ |

# সরকারি সৈয়দ হাতেম কলেজ, বরিশাল'র কর্মসম্পাদনের সার্বিকচিত্র

(Overview of the Performance of Govt. Syed Hatem Ali College, Barishal.)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:**

- **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ :**

  বরিশাল শিক্ষাবোর্ডের অধীনে বিগত ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ২৮৫০ জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। ২০১৮ ও ২০১৯ সালের গড় পাসের হার ৮৪.১৫% এবং ২০২০ সালে করোনা মহামারির প্রেক্ষিতে শিক্ষাবোর্ড কর্তৃক প্রকাশিত ফলাফলে শতভাগ শিক্ষার্থী উত্তীর্ণ হয়। বরিশাল শিক্ষাবোর্ডের অধীনে ২০১৮ সালে ২য় শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান এবং ২০১৯ সালে ৩য় শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃতি লাভ করেছে। ২০১৯ সালে প্রকাশিত জাতীয় বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক র‍্যাংকিং এ ২য় স্থান লাভ করেছে। ২০১৮ ও ২০১৯ সালে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক (পাস) চূড়ান্ত পরীক্ষায় ৬২৪ জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। পাসের হার ৭৭.০২%। ২০১৮ ও ২০১৯ সালে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক (সম্মান) চূড়ান্ত পরীক্ষায় ১৩৩৬ জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। পাসের হার ৮০.৯৯%। ২০২০ সালে স্নাতক (সম্মান) চূড়ান্ত পরীক্ষা চলমান রয়েছে, যেখানে ৮২৪ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেছে। শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দের সঙ্গে তত্ত্বাবধায়ক শিক্ষকগণের নিয়মিত যোগাযোগের মাধ্যমে শিক্ষা কার্যক্রমে গতিশীলতা আনায়ন করা হয়েছে। ২০২০ সালের মার্চের ৩য় সপ্তাহ থেকে কোভিড-১৯ মহামারির প্রেক্ষিতে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকলেও অনলাইনে পাঠদান কার্যক্রম অব্যাহত রয়েছে। জুলাই ২০২০ থেকে জুন ২০২১ পর্যন্ত উচ্চ মাধ্যমিক, স্নাতক (সম্মান) ও মাস্টার্স শেষ পর্ব যথাক্রমে ১৮৯৬, ৫৬৩৭ ও ২৬৬ টি অনলাইন ক্লাস অনুষ্ঠিত হয়। ২০১৯ সালে প্রণীত সিটিজেন চার্টার বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত রয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শততম জন্মবার্ষিকী উপলক্ষে কলেজ লাইব্রেরি ভবনে সুসজ্জিত বঙ্গবন্ধু কর্নার স্থাপন করা হয়েছে। ২০২০ সালে কলেজের সহপাঠক্রমিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সাহিত্য ও সংস্কৃতি সংঘের আওতায় বিভিন্ন ক্লাব গঠন করা হয়েছে। ২০২০ সালে বরিশাল জেলা প্রশাসন আয়োজিত শুদ্ধ জাতীয় সংগীত প্রতিযোগিতায় এ কলেজের শিক্ষার্থীরা রানারআপ মর্যাদা অর্জন করেছে। গণিত অলিম্পিয়াডে কলেজ শিক্ষার্থীদের অর্জিত কৃতিত্ব উল্লেখ্যযোগ্য। শিক্ষক কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। কলেজে মাল্টিমিডিয়া শ্রেণিকক্ষের সংখ্যা ১২টি থেকে ১৮টিতে উন্নীত করা হয়েছে। কম্পিটউটার ল্যাব, কলেজ লাইব্রেরি ও ছাত্রী কমনরুমের সংস্কার কাজ সম্পন্ন করা হয়েছে। কলেজের সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনার জন্য একটি মুক্তমঞ্চ তৈরি করা হয়েছে। শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিতকল্পে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদকমুক্ত ক্যাম্পাস প্রতিষ্ঠা করা হয়েছে।

- **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

  বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর বাস্তবতায় স্বাভাবিক পাঠক্রমিক ও সহপাঠক্রমিক কার্যক্রম পরিচালনা। করোনা সক্রমন রোধে দীর্ঘদিন সরাসরি পাঠদান বন্ধ থাকা ও সরাসরি পরীক্ষা নিতে না পারায় শিক্ষার্থীদের যথাযথ মূল্যায়নে বাধা, আর্থিক অসচ্ছলতার কারণে শিক্ষার্থীদের অনলাইন ক্লাসে অংশগ্রহণের প্রতিবন্ধকতা, কলেজের শ্রেণিকক্ষের অপর্যাপ্ততা, পরীক্ষার হলের সংকট, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা জট, শিক্ষকগণের প্রশিক্ষণের সুযোগের অভাব, মাল্টিমিডিয়া ক্লাসরুমে পর্যাপ্ত সরঞ্জামের সংকট, অনার্স কোর্সের শিক্ষক'র স্বল্পতা, অনার্স কোর্সে নিম্নমানের শিক্ষার্থীর আধিক্য। অনলাইন পাঠদান কার্যক্রমে শিক্ষার্থীদের স্বল্প অংশগ্রহণ, ছাত্রাবাসে শিক্ষার্থীর তুলনায় আসন সংখ্যার স্বল্পতা, ছাত্রীনিবাস না থাকা, কলেজে স্থায়ী কর্মচারীর স্বল্পতা, ল্যাবরেটরীতে প্রয়োজনীয় যন্ত্রপাতি ও সুযোগ সুবিধার অভাব ও কলেজে শিক্ষক-শিক্ষার্থী অনুপাত যথাযথ না থাকা অর্থাৎ শিক্ষার্থীর তুলনায় শিক্ষক কম থাকা।

- **ভবিষ্যৎ পরিকল্পনা:**

  বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর বাস্তবতায় অনলাইন শ্রেণি কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখা। শিক্ষকগণের দক্ষতা বৃদ্ধির জন্য কম্পিউটার প্রশিক্ষণ, সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়ন ও মূল্যায়ন বিষয়ক প্রশিক্ষণ, প্যাডাগজি প্রশিক্ষণ এবং অনলাইন শ্রেণি কার্যক্রম পরিচালনার জন্য প্রশিক্ষণের আয়োজন। এছাড়া কর্মচারীদের কাজের দক্ষতা বৃদ্ধির জন্য অফিস ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন। মাল্টিমিডিয়া ক্লাসরুম সংস্কারসহ অবকাঠামোগত সংস্কার। অভিভাবকগণের সচেতনতা বৃদ্ধির জন্য তাঁদের সঙ্গে নিয়মিত যোগাযোগ স্থাপন, তথ্য প্রযুক্তির সহায়তায় পরীক্ষার ফলাফল অভিভাবকগণকে প্রেরণ ও অভিভাবক সমাবেশ আয়োজন। শিক্ষার্থীদের মানসিক ও নেতৃত্বের গুণাবলী বিকাশের জন্য সরাসরি অথবা অনলাইনে সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা, বিতর্ক প্রতিযোগিতা, সেমিনার, সিমপোজিয়াম ও ওয়ার্কসপের আয়োজন করা। মুক্তিযুদ্ধের চেতনা বিকাশে বঙ্গবন্ধু কর্নারে শিক্ষার্থীদের নিয়মিত পাঠচক্রের ব্যবস্থা ও বছর ব্যাপী বই পড়া প্রতিযোগিতা চালু। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন করা।

- **২০২১-২০২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**
  - উচ্চ মাধ্যমিক পর্যায়ে ৮৮% শিক্ষার্থীর উত্তীর্ণের লক্ষ্যমাত্রা নির্ধারণ।
  - স্নাতক পাস, সম্মান ও স্নাতকোত্তর পর্যায়ে ৮৫% শিক্ষার্থীর উত্তীর্ণের লক্ষ্যমাত্রা নির্ধারণ।
  - শিক্ষকবৃন্দ ও কর্মচারীদের পেশাগত মান ও দক্ষতা বৃদ্ধির জন্য সরাসরি অথবা অনলাইনে প্রশিক্ষণের আয়োজন করা।
  - বিদ্যমান মাল্টিমিডিয়া ক্লাসরুমে ল্যাপটপ, স্মার্ট টিভিসহ প্রয়োজনীয় ডিভাইস সংযোজন।
  - জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন।
  - কোভিড-১৯ মহামারীর বাস্তবতায় তথ্য প্রযুক্তির ব্যবহারপূর্বক পাঠদান, সহপাঠক্রমিক কার্যক্রমসহ সকল কার্যক্রম অব্যাহত রাখা।
  - কলেজে কেন্দ্রীয়ভাবে ০৩টি ভার্চুয়াল ক্লাসরুম/ স্টুডিও প্রতিষ্ঠা।

# প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

অধ্যক্ষ, সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল।

এবং

পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল, বরিশাল এর মধ্যে

২০২১ সালের জুন মাসের ১৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# সেকশন ১

**সরকারি সৈয়দ হাতেম আলী কলেজের সাধারণ কার্যাবলি :**

১.১ সাধারণ কার্যাবলি:

ক) সুষ্ঠুভাবে একাডেমিক কার্যক্রম পরিচালনা
খ) প্রশাসনিক সক্ষমতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ
গ) কার্যকর সহপাঠক্রমিক কার্যক্রম পরিচালনা
ঘ) শিক্ষকবৃন্দ ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি
ঙ) শিখন বান্ধব পরিবেশ নিশ্চিতকরণ ও সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা

# সেকশন-২: কর্মসম্পাদন পরিকল্পনা-১০০

| কর্মসম্পাদনের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন (বিগত দুই অর্থবছরের) | | ২০২১-২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা/নির্ণায়ক | | | | | প্রক্ষেপণ (আগামী দুই অর্থবছরের) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৯-২০ | ২০২০-২১* | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতিমানেরনিম্নে ৬০% | ২০২২-২৩ | ২০২৩-২৪* |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| সরকারি সৈয়দ হাতেম আলী কলেজের কার্যক্রম (১০০ নম্বর) | | | | | | | | | | | | | | | |
| ১. সুষ্ঠুভাবে একাডেমিক কার্যক্রম পরিচালনা | ৩২ | ১.১ তত্ত্বীয় ক্লাস গ্রহণের মাধ্যমে পাঠ্যক্রম সমাপন | ১.১.১ একাদশ শ্রেণিতে গৃহীত ক্লাসের সংখ্যা (অনলাইন/অফলাইন) | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ১২৫০ | ১০৭৫ | ৯০০ | ৮৭৫ | ৮৫০ | ৮২৫ | ৮০০ | ১৬০০ | ১৬০০ |
| | | | ১.১.২ দ্বাদশ শ্রেণিতে গৃহীত ক্লাসের সংখ্যা (অনলাইন/অফলাইন) | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ৯৫০ | ৯২০ | ৮৫০ | ৮২৫ | ৮০০ | ৭৭৫ | ৭৫০ | ৮০৫ | ৮১০ |
| | | | ১.১.৩ স্নাতক (পাস) ১ম থেকে ৩য় বর্ষের গৃহীত ক্লাসের সংখ্যা (অনলাইন/অফলাইন) | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ৩৭৫ | ৪১৫ | ৪৫০ | ৪২৫ | ৪০০ | ৩৭৫ | ৩৫০ | ৪৫০ | ৪৫০ |
| | | | ১.১.৪ স্নাতক (সম্মান) ১ম বর্ষের গৃহীত ক্লাসের সংখ্যা (অনলাইন/অফলাইন) | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ৩১২৫ | ১৫৬৫ | ১৭৫০ | ১৭০০ | ১৬৫০ | ১৬০০ | ১৫৫০ | ১৭৫০ | ১৭৫০ |
| | | | ১.১.৫ স্নাতক (সম্মান) ২য়বর্ষের গৃহীত ক্লাসের সংখ্যা (অনলাইন/অফলাইন) | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ২৮৩৫ | ১০২২ | ১৩৫০ | ১৩০০ | ১২৫০ | ১২০০ | ১১৫০ | ১৩৫০ | ১৩৫ |
| | | | ১.১.৬ স্নাতক (সম্মান) ৩য় বর্ষের গৃহীত ক্লাসের সংখ্যা (অনলাইন/অফলাইন) | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ২৩২৭ | ৮৭০ | ১৩৫০ | ১৩০০ | ১২৫০ | ১২০০ | ১১৫০ | ১৩৫০ | ১৩৫ |
| | | | ১.১.৭ স্নাতক (সম্মান) ৪র্থ বর্ষের গৃহীত ক্লাসের সংখ্যা (অনলাইন/অফলাইন) | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ১৮৬৯ | ৫৬৭ | ১০০০ | ৯৮০ | ৯৬০ | ৯৪০ | ৯২০ | ১০২০ | ১০২০ |
| | | | ১.১.৮ মাস্টার্স শেষ পর্বে গৃহীত ক্লাসের সংখ্যা (অনলাইন/অফলাইন) | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ৫৩০ | ২৪৬ | ২৫০ | ২৪০ | ২৩০ | ২২০ | ২১০ | ৩০০ | ৩০০ |
| | | ১.২ ব্যবহারিক ক্লাশ গ্রহণ | ১.২.১ উচ্চমাধ্যমিকে/উচ্চমা ধ্যমিক ১ম/২য় বর্ষে গৃহীত ক্লাশ (স্বাস্থ্য বিধি মেনে) | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | ৫৪০ | করোনায় বিঘ্নিত | ১২৫ | ১১৫ | ১০৫ | ৯৫ | ৮৫ | ৪০০ | ৪০০ |
| | | | ১.২.২ স্নাতক (পাস) শ্রেণির গৃহীত ক্লাশ (স্বাস্থ্য বিধি মেনে) | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ৭৫ | করোনায় বিঘ্নিত | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫০ | ৫০ |
| | | | ১.২.৩ স্নাতক (সম্মান) শ্রেণির গৃহীত ক্লাশ (স্বাস্থ্য বিধি মেনে) | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ৪৫ | করোনায় বিঘ্নিত | ৩০ | ২৮ | ২৬ | ২৪ | ২২ | ৩০ | ৩০ |
| | | ১.৩ উচ্চ মাধ্যমিক পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রদান | ১.৩.১ ১ম বর্ষ অর্ধ-বার্ষিক পরীক্ষা গৃহীত ও প্রদত্ত ফলাফল | তারিখ | তারিখ | ১ | ১৩ নভেম্বর | জানু ২য় সপ্তাহ | ফেব্রু.-৪র্থ সপ্তাহ | মার্চ-১ম সপ্তাহ | মার্চ- ২য় সপ্তাহ | মার্চ-৩য় সপ্তাহ | মার্চ—৪র্ সপ্তাহ | | |
| | | | ১.৩.২ ১ম বর্ষ বার্ষিক পরীক্ষা গৃহীত ও প্রদত্ত ফলাফল | তারিখ | তারিখ | ২ | করোনায় বিঘ্নিত | করোনায় বিঘ্নিত | জুন-২য় সপ্তাহ | জুন-৩য় সপ্তাহ | জুন- ৪র্থ সপ্তাহ | জুন-৫ম সপ্তাহ | জুলাই-১ম সপ্তাহ | | |
| | | | ১.৩.৩ ২য় বর্ষ প্রাক-নির্বাচনী পরীক্ষা গৃহীত ও প্রদত্ত ফলাফল | তারিখ | তারিখ | ১ | ২৮ সেপ্টেম্বর | ডিসেম্বর ২য় সপ্তাহ | ডিসে.-৫ম সপ্তাহ | জানু. ১ম সপ্তাহ | জানু. ২য় সপ্তাহ | জানু. ৩য় সপ্তাহ | জানু.-৪র্ সপ্তাহ | | |
| | | | ১.৩.৪ ২য় বর্ষ নির্বাচনী পরীক্ষা গৃহীত ও প্রদত্ত ফলাফল | তারিখ | তারিখ | ২ | ১৭ নভেম্বর | করোনায় বিঘ্নিত | মার্চ- ১ম সপ্তাহ | মার্চ- ২য় সপ্তাহ | মার্চ- ৩য় সপ্তাহ | মার্চ- ৪র্ সপ্তাহ | মার্চ- ৫ম সপ্তাহ | | |
| | | ১.৪ স্নাতক (পাস) ও স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর কোর্সে ইনকোর্স ও নির্বাচনী পরীক্ষা গ্রহণ (অনলাইন/অফলাইন) | ১.৪.১ পরীক্ষা অনুষ্ঠিত ও প্রদত্ত ফলাফল | সংখ্যা | সংখ্যা | ৩ | ১৬ | ১৬ | ১৬ | ১৫ | ১৪ | ১৩ | ১২ | ১৬ | ১৬ |
| ২. প্রশাসনিক সক্ষমতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিতকরণ | ২৩ | ২.১ একাডেমিক ক্যালেন্ডার | ২.১.১ ক্যালেন্ডার প্রণয়নকৃত | তারিখ | তারিখ | ২ | ০১ জুলাই | ১৫ সেপ্টেম্বর | ১৫ সেপ্টে | ২৪ সেপ্টে | ০৫ অক্টো | ১৫ অক্টো | ২৫ অক্টে | ৩০ জুলাই | ৩০ জুলাই |
| | | | ২.১.২ বাস্তবায়নের হার | গড় | শতকরা | ৩ | ৯৫ | ৯৫ | ৯৫ | ৯০ | ৮৫ | ৭৫ | ৭০ | ৯৮ | ৯৮ |
| | | ২.২ ভিজিল্যান্স টীম/ অনলাইন ক্লাস মনিটরিং টীম | ২.২.১ ভিজিল্যান্স/অনলাইন ক্লাস মনিটরিং টীম গঠিত | তারিখ | তারিখ | ২ | ০১ জুলাই | ০৭ জুলাই | ০৭ জুলাই | ২২ জুলাই | ২৯ জুলাই | ০৫ আগস্ট | ১২ আগস্ট | ০৭ জুলাই | ০৭ জুলাই |
| | | | ২.২.২ দাখিলকৃত রিপোর্ট | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ১৬৫ (করোনায় বিঘ্নিত) | ৭০ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ১৯০ | ১৯০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন (বিগত দুই অর্থবছরের) | | ২০২১-২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা/নির্ণায়ক | | | | | প্রক্ষেপণ (আগামী দুই অর্থবছরের) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৯-২০ | ২০২০-২১* | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতিমানেরনিম্নে ৬০% | ২০২২-২৩ | ২০২৩-২৪* |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | | ২.৩ অভ্যন্তরীণ অডিট কার্য সম্পাদন | ২.৩.১ অডিট রিপোর্ট প্রণীত | তারিখ | তারিখ | ২ | ৩০ অক্টোবর | ১৫ অক্টো. | ১৫ অক্টো. | ২২ অক্টো. | ২৯ অক্টো. | ০৫ নভেম্ব. | ১৫ নভেম্ব. | ০১ অক্টোবর | ১ অক্টোবর |
| | | ২.৪ একাডেমিক কার্যক্রম পর্যালোচনা কমিটি | ২.৪.১ কমিটি গঠন | তারিখ | তারিখ | ২ | | | ০৭ জুলাই | ১২ জুলাই | ১৯ জুলাই | ২৯ জুলাই | ০৪ আগস্ট | ০৭ জুলাই | ০৭ জুলাই |
| | | | ২.৪.২ রিপোর্ট প্রণীত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | | | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ১২ | ২৫ | ২৫ |
| | | ২.৫ অবকাঠামোগত উন্নয়ন ও সৌন্দর্যবর্ধন কার্যক্রম পর্যবেক্ষণ কমিটি | ২.৫.১ কমিটি গঠন | তারিখ | তারিখ | ২ | | | ০৭ জুলাই | ১২ জুলাই | ১৯ জুলাই | ২৯ জুলাই | ০৪ আগস্ট | ০৭ জুলাই | ০৭ জুলাই |
| | | | ২.৫.২ রিপোর্ট প্রণীত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | | | ১৫ | ১৩ | ১১ | ৯ | ৭ | ২০ | ২০ |
| | | ২.৬ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | ২.৬.১ এপিএ এর সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ৪ | ৪ | ৪ | ৩ | ২ | ১ | | ৪ | ৪ |
| | | | ২.৬.২ এপিএ টিম এর মাসিক সভা অনুষ্ঠিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | | ১২ | ১২ | ১০ | ৮ | ৬ | | ১২ | ১২ |
| ৩. কার্যকর সহপাঠক্রমিক কার্যক্রম পরিচালনা | ২২ | ৩.১ দেশপ্রেম, মুক্তিযুদ্ধের চেতনা ও নৈতিকতার বিকাশে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান, বিভিন্ন প্রতিযোগিতা আয়োজন ও চলচ্চিত্র প্রদর্শণ | ৩.১.১ মুজিববর্ষের তাৎপর্যভিত্তিক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান, বিভিন্ন প্রতিযোগিতা অনুষ্ঠিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | | ৪ | ২ | ১ | | | | | |
| | | | ৩.১.২ স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী'র তাৎপর্যভিত্তিক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান, বিভিন্ন প্রতিযোগিতা অনুষ্ঠিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | ১ | | | |
| | | | ৩.১.৩ মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র প্রদর্শণ | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | | ৪ | ৪ | ৩ | ২ | ১ | | | |
| | | ৩.২ ক্লাব গঠন | ৩.২.১ সাংস্কৃতিক, পরিবেশ ও স্বাস্থ্য ক্লাব গঠিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | | | ৩ | ২ | ১ | | | | |
| | | ৩.৩ স্বেচ্ছাসেবী সংগঠনের কার্যক্রম | ৩.৩.১ বিএনসিসি কর্তৃক কার্যক্রম পরিচালিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | ১ | | | |
| | | | ৩.৩.২ রোভার স্কাউট কর্তৃক কার্যক্রম পরিচালিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | ১ | | | |
| | | | ৩.৩.৩ গার্লস গাইড কর্তৃক কার্যক্রম পরিচালিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | | | ২ | ১ | | | | | |
| | | | ৩.৩.৪ রেডক্রিসেন্ট কর্তৃক কার্যক্রম পরিচালিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | | | ২ | ১ | | | | | |
| | | ৩.৪ শিক্ষা সফর | ৩.৪.১ শিক্ষা সফর অনুষ্ঠিত | তারিখ | তারিখ | ২ | ১৪ জানু | করোনায় বিঘ্নিত | ফেব্রু.-১ম সপ্তাহ | ফেব্রু.-২য় সপ্তাহ | ফেব্রু.-৩য় সপ্তাহ | ফেব্রু.-৪র্থ সপ্তাহ | মার্চ-১ম সপ্তাহ | ১৫ ডিসে. | ১৫ ডিসে. |
| | | ৩.৫ অভ্যন্তরীণ ক্রীড়া ও সাংস্কৃতিক সপ্তাহ | ৩.৫.১ অভ্যন্তরীণ ক্রীড়া সপ্তাহ অনুষ্ঠিত | তারিখ | তারিখ | ২ | ১০ জানু | করোনায় বিঘ্নিত | ০২ জানু | ১০ জানু | ১৭ জানু | ২৩ জানু | ২৮ জানু | ১৫ জানু. | ১৫ জানু. |
| | | | ৩.৫.২ সাংস্কৃতিক সপ্তাহ অনুষ্ঠিত | তারিখ | তারিখ | ২ | ০৫ ডিসেম্বর | করোনায় বিঘ্নিত | ০২ জানু | ১০ জানু | ১৭ জানু | ২৩ জানু | ২৮ জানু | ২০ সেপ্টে. | ১৫ সেপ্টে. |
| | | ৩.৬ বার্ষিক ক্রীড়া | ৩.৬.১ বার্ষিক ক্রীড়া অনুষ্ঠিত | তারিখ | তারিখ | ১ | করোনায় বিঘ্নিত | করোনায় বিঘ্নিত | ১৬ ফেব্রু. | ২৩ ফেব্রু | ০২ মার্চ | ০৯ মার্চ | ১৫ মার্চ | ১ জানু. | ৭ জানু. |
| | | ৩.৭ বার্ষিক মিলাদ | ৩.৭.১ মিলাদ অনুষ্ঠিত | তারিখ | তারিখ | ১ | ২৬ জানুয়ারি | করোনায় বিঘ্নিত | ০২ জানু. | ০৯ জানু. | ১৬ জানু. | ২৪ জানু. | ৩১ জানু. | ০৭ ডিসে. | ১০ নভেম্বর. |
| | | ৩.৮ সরস্বতী পূজা | ৩.৮.১ সরস্বতী পূজা অনুষ্ঠিত | তারিখ | তারিখ | ১ | ১০ ফেব্রুয়ারি | ১৬ ফেব্রুয়ারি | ০৫ ফেব্রুয়ারি | | | | | ১১ ফেব্রু. | ১২ ফেব্রু. |
| ৪. শিক্ষক ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি | ১২ | ৪.১ শিক্ষকবৃন্দের প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ | ৪.১.১ সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়ন ও উত্তরপত্র মূল্যায়ন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত | সমষ্টি | জনঘণ্টা | ৪ | | | ১৫০ | ১৪০ | ১৩০ | ১২০ | ১১০ | ২০০ | ২০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন (বিগত দুই অর্থবছরের) | | ২০২১-২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা/নির্ণায়ক | | | | | প্রক্ষেপণ (আগামী দুই অর্থবছরের) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতিমানেরনিম্নে | | |
| | | | | | | | ২০১৯-২০ | ২০২০-২১* | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ২০২২-২৩ | ২০২৩-২৪* |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | | | ৪.১.২ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত | সমষ্টি | জনঘণ্টা | ২ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১৫০ | ১৫০ |
| | | | ৪.১.৩ তথ্য প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত | সমষ্টি | জনঘণ্টা | ৩ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১৫০ | ১৫০ |
| | | ৪.২ কর্মচারীবৃন্দের প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ | ৪.২.১ ৪.২ কর্মচারীবৃন্দের তথ্য প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত | সমষ্টি | জনঘণ্টা | ৩ | | | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ১০০ | ১০০ |
| ৫. শিখন বান্ধব পরিবেশ নিশ্চিতকরণ ও সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা | ১১ | ৫.১ অভিভাবক সমাবেশ আয়োজন | ৫.১.১ আয়োজিত অভিভাবক সমাবেশ | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ৩ (করোনায় বিঘ্নিত) | করোনায় বিঘ্নিত | ৪ | ৩ | ২ | ১ | | ০৬ | ০৬ |
| | | ৫.২ সবুজ ও পরিচ্ছন্ন ক্যাম্পাস | ৫.২.১ পরিচ্ছন্ন ক্যাম্পাস | হার | শতকরা | ১ | ৯০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |
| | | | ৫.২.২ বাগান প্রস্তুত ও বৃক্ষরোপন | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | | ২০০ | ২৫০ | ২৪০ | ২৩০ | ২২০ | ২১০ | ৩০০ | ৩০০ |
| | | ৫.৩ অবকাঠামো সংস্কার | ৫.৩.১ শিক্ষা উপযোগী অবকাঠামো | হার | শতকরা | ১ | ৮০% | ৮০% | ৮০% | ৭৫% | ৭০% | ৬৫% | ৬০% | ৮০% | ৮০% |
| | | ৫.৪ বিভাগ ও শ্রেণিকক্ষের পঠন-পাঠন পরিবেশ উন্নয়ন | ৫.৪.১ বিভাগ ও শ্রেণিকক্ষে আসবাবপত্র ও তথ্য প্রযুক্তি ডিভাইস সরবরাহ | হার | শতকরা | ২ | | | ৭৫% | ৭০% | ৬৫% | ৬০% | ৫৫% | ৮০% | ৮০% |
| | | ৫.৫ জঙ্গীবাদ বিরোধী সভা | ৫.৫.১ জঙ্গীবাদ বিরোধী সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | ২ | ২ |
| | | ৫.৬ মাদক বিরোধী সভা | ৫.৬.১ মাদক বিরোধী সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | ২ | ২ |
| | | ৫.৭ নারী নির্যাতন রোধ ও নারী অধিকার নিশ্চিতকরণ সভা | ৫.৭.১ নারী নির্যাতন রোধ ও নারী অধিকার নিশ্চিতকরণ সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | | |

আমি অধ্যক্ষ, সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল হিসেবে পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল, বরিশাল এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব ।

আমি পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল, বরিশাল, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর প্রতিনিধি হিসেবে অধ্যক্ষ, সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব ।

স্বাক্ষরিত:

প্রফেসর মু. মোস্তফা কামাল
আইডি নং-১২৩৭১
অধ্যক্ষ
সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ
বরিশাল।

অধ্যক্ষ
সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ
বরিশাল

১৪.০৬.২০২১
তারিখ:

পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল
বরিশাল

প্রফেসর মোঃ মোয়াজ্জেম হোসেন (৭৩৭৩)
পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল।

১৪.০৬.২০২১
তারিখ:

<u>সংযোজনী-১</u>

<u>শব্দসংক্ষেপ (Acronyms)</u>

| ক্রমিক | শব্দসংক্ষেপ | পূর্ণরূপ |
|---|---|---|
| ১. | মাউশি অধিদপ্তর | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর |
| ২. | CEDP | College Eduction Development Project |
| ৩. | e-GP | e- Government Procurement |
| ৪. | ISAS | Institution Self-Assessment System |
| ৫. | MPO | Monthly Pay Order |
| ৬. | NAAND | National Academy for Autism and Neuro Development. |
| ৭. | NDD | Autism and Neuro Development Disability |
| ৮. | PBM | Performance Based Management |
| ৯. | SBA | School Based Assessment |
| ১০. | SDG | Sustainable Development Goal |
| ১১. | SEDP | Secondary Education Development Program |
| ১২. | SEQAEP | Secondary Education Quality Access and Enhancement Project |
| ১৩. | SESIP | Secondary Education Sector Investment Program |

## সংযোজনী-২ : কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| ১. | ১.১ পাঠ্যক্রম অনুযায়ী ক্লাশ গ্রহণ | ১.১.১ বাৎসরিক গৃহীত ক্লাশের সংখ্যা | ক্লাস রুটিন ও বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র |
| ২. | ১.২ অভ্যন্তরীণ পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রদান | ১.২.১ প্রদত্ত ফলাফল | কলেজের দাপ্তরিক নথিসমূহ |
| ৩. | ১.৩ কলেজের সাংস্কৃতিক কার্যক্রম গ্রহণ | ১.৩.১ অনুষ্ঠিত সাংস্কৃতিক কার্যক্রম | কলেজের দাপ্তরিক নথিসমূহ ও আলোকচিত্র |
| ৪. | ১.৪ সহপাঠক্রমিক ক্লাবসমূহ গঠন ও পরিচালনা | ১.৪.১ সংশ্লিষ্ট বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন | কলেজের দাপ্তরিক নথিসমূহ ও আলোকচিত্র |
| ৫. | ১.৫ অডিট কার্য সম্পাদন | ১.৫.১ অডিট রিপোর্ট | কলেজের দাপ্তরিক নথিসমূহ |
| ৬. | ১.৬ প্রশিক্ষণ কার্যক্রম | ১.৬.১ প্রশিক্ষণার্থীর সংখ্যা | কলেজের দাপ্তরিক নথিসমূহ ও আলোকচিত্র |
| ৭. | ১.৭ জাতীয় দিবসসমূহ উদযাপন | ১.৭.১ উদযাপিত দিবসমূহ | কলেজের দাপ্তরিক নথিসমূহ ও আলোকচিত্র |
| ৮. | ১.৮ কলেজ অবকাঠামো ও শ্রেণিকক্ষে পরিবেশ উন্নয়ন | ১.৮.১ অবকাঠামোগত উন্নয়ন ও শ্রেণিকক্ষে সরবরাহকৃত সরঞ্জাম | কলেজের দাপ্তরিক নথিসমূহ ও আলোকচিত্র |
| ৯. | ১.৯ স্বেচ্ছাসেবী সংগঠনের কার্যক্রম | ১.৯.১ স্বেচ্ছাসেবী সংগঠনের পরিচালিত কার্যক্রমের সংখ্যা | কলেজের দাপ্তরিক নথিসমূহ ও আলোকচিত্র |
| ১০. | ১.১০ সচেতনতামূলক সভা | ১.১০.১ আয়োজিত সচেতনতামূলক সভার সংখ্যা | কলেজের দাপ্তরিক নথিসমূহ ও আলোকচিত্র |